দামুড়হুদায় জেলা পরিষদের প্রশাসক শরীফকে সংবর্ধনা

চুয়াডাঙ্গা জেলা পরিষদের নবনিযুক্ত প্রশাসক ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফকে সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল রোববার বিকেল সাড়ে ৫টার দিকে দামুড়হুদা অডিটোরিয়াম হলে জাতীয়তাবাদী শ্রমিক দল দামুড়হুদা থানা, দর্শনা থানা, জীবননগর থানা, দর্শনা পৌর, জীবননগর পৌর ও কেরু অ্যান্ড কোম্পানি শাখার যৌথ আয়োজনে এ সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জেলা পরিষদের নবনিযুক্ত প্রশাসক শরীফুজ্জামান শরীফ বলেন, “সকল ভেদাভেদ ভুলে গিয়ে দলকে সুসংগঠিত করতে ঐক্যের কোনো বিকল্প নেই। তাই এক ছায়াতলে থেকে বিএনপিকে এগিয়ে নিয়ে যেতে হবে। দলের ভেতরে কাদা ছোড়াছুড়ি বন্ধ করতে হবে। সামনে স্থানীয় সরকার নির্বাচন আসছে। এ নির্বাচনে দল যাকেই সমর্থন দেবে, তার পক্ষেই সবাইকে কাজ করতে হবে। কোনোভাবেই হার মানা যাবে না।”

তিনি আরও বলেন, “সারা বাংলাদেশের ন্যায় চুয়াডাঙ্গা জেলাতেও শ্রমিক দল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। জেলার বিভিন্ন স্থানে তৃণমূল পর্যায়ে শ্রমিক দলের কমিটি গঠন করা হচ্ছে। পরবর্তীতে নেতৃত্ব দেওয়ার যোগ্য ও দক্ষ ব্যক্তিদের মূল্যায়ন করে পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে।”

জেলা জাতীয়তাবাদী শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম তরফদার সাবুর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম পিটু ও খালিদ মাহমুদ মিল্টন, দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

এ সময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজ, দামুড়হুদা উপজেলা শ্রমিক দলের সভাপতি আশাদুল ইসলাম আসাদ, সহ-সভাপতি রোকনুজ্জামান তোতাম, সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম,

সাংগঠনিক সম্পাদক জহুরুল ইসলাম, জীবননগর উপজেলা শ্রমিক দলের সভাপতি হাবীবুর রহমান হেবা ও সাধারণ সম্পাদক রবগুল ইসলাম, জীবননগর পৌর শ্রমিক দলের সভাপতি রকিবুল ইসলাম ও সাধারণ সম্পাদক আবু সাঈদ, দর্শনা থানা শ্রমিক দলের নেতা আবু সাঈদ আহমেদ ফারুক, সাইদুর রহমান, আব্দুর রাজ্জাক, লিটন, জাহাঙ্গীর, অরুণ, বাবুল আক্তার, আতিয়ার রহমান, সিদ্দিক, ইনামুলসহ জাতীয়তাবাদী শ্রমিক দলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

ঝিনাইদহে ফুরফুরা শরীফের পীর ন’হুজুর কেবলার ওফাত দিবস পালিত

ফুরফুরা শরীফের পীর এ কামেল, মাদারজাদ ওলি, গাওসুল ওয়াক্ত হজরত মওলানা শাহ সুফী নাজমুস সায়াদাত সিদ্দিকী ন’হুজুর পীর কেবলা (রহঃ) এঁর ৪৪তম ওফাত দিবস গতকাল মঙ্গলবার (৭ জানুয়ারি) যথাযথ মর্যাদা ও ধর্মীয় ভাব গাম্ভির্য্যের সাথে পালিত হয়।

এ উপলক্ষ্যে ঝিনাইদহের বিভিন্ন এলাকায় জমিয়তে জাকেরিণের পক্ষ থেকে হতদরিদ্র ও দুস্থ পরিবারের মাঝে গরম কাপড় বিতরণ করা হয়। এছাড়া সন্ধ্যায় ব্যাপারীপাড়া সায়াদাতিয়া খানকাহ শরীফ, ঢাকার ট্রফিক্যাল হাইওয়ে হোমস ও খুলনা শহরে বাকীবিল্লাহ ভবনে সন্ধ্যায় সওয়াব রেসানী, জিকির, মিলাদ ও দোয়ার মাহফিলের আয়োজন করা হয়। মহাফিলে দেশ-জাতির শান্তি কামনা ও বিশে^র নির্যাতিত মুসলিমদের জন্য খাস ভাবে দোয়া করা হয়। ফুরফুরা দরবার শরীফেরও দিবসটি যথাযথ ভাবে পালিত হয়।

১৯৮২ সালের এই দিনে ন’হুজুর পীর কেবলা নামে পরিচিত ফুরফুরা শরীফের পীর হজরত মাওলানা শাহ সুফী নাজমুস সায়াদাত সিদ্দিকী (রহঃ) ভক্ত আশেকানদের কাঁদিয়ে ওফাত প্রাপ্ত হন। দিবসটি পালনে প্রতিবছরই দুই বাংলার ভক্ত আশেকানরা ব্যাপক কর্মসূচি গ্রহন করে থাকেন। হুজুরের ৪৪তম ওফাত দিবস পালনের প্রাক্কালে ন’হুজুর পীর কেবলার

পৌত্র ও জমিয়তে জাকেরিণের মুখ্য নির্দেশক মওলানা মোহাঃ আল্লামা জাবিহ্হুল্লাহ (মাদ্দঃ) সিদ্দিকী দাদা হুজুর কেবলার সিলসিলা আঁকড়ে ধরে তার মত ও পথের উপর মুরীদ ও ভক্ত আশেকানদের কায়েম থাকার আহবান জানান।